কাজিপুর উপজেলার জানুয়ারি, ২০১৯ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃংঙ্খলা কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি	:	মোঃ জাহিদ হাসান সিদ্দিকী উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ।
সভার স্থান	:	উপজেলা পরিষদ কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, কাজিপুর
তারিখ	:	২৮ জানুয়ারি, ২০১৯ খ্রিষ্টাব্দ
সময়	:	সকাল-১০.৩০ টা

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-'ক' এ দেখানো হলো।

আলোচ্যসূচি-০১ : উপজেলা আইন-শৃংঙ্খলা কমিটির পূর্ববর্তী সভার (ডিসেম্বর, ২০১৮ মাসের) কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ এবং উক্ত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি ডিসেম্বর, ২০১৮ মাসে অনুষ্ঠিত উপজেলা আইন-শৃংঙ্খলা কমিটির সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান এবং উক্ত কার্যবিবরণীতে সংশোধন, সংযোজন বা বিয়োজনযোগ্য কোন বিষয় আছে কিনা তা উপস্থিত সদস্যগণের নিকট জানতে চান। উক্ত কার্যবিবরণীতে কোন সংযোজন বা বিয়োজনযোগ্য বিষয় না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে সভাপতি যে সকল দপ্তর/ প্রতিষ্ঠান তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করেছেন তাদের ধন্যবাদ জানান। এছাড়া যে সকল দপ্তর প্রধানগণ বিগত সভার গৃহিত সিদ্ধান্ত সমূহ এখনো বাস্তবায়ন করেননি তাদের গৃহিত সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্যসূচি-০২ : উপজেলার আইন-শৃংঙ্খলা পরিস্থিতি সম্পর্কে আলোচনা ঃ

অফিসার ইনচার্জ কাজিপুর থানা জানান যে, কাজিপুর উপজেলার আইন-শৃংঙ্খলা পরিস্থিতি ভাল। মাদক ব্যবসা ও সেবন রোধে তার দপ্তর সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করছে। তিনি সভায় আরও জানান সামনে জাতীয় সংসদ নির্বাচন, আইনশৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখতে সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রয়েছে। এ ব্যাপারে সবার সহযেগিতা কামনা করেন। কোন সমস্যার উদ্ভব হলে সংবাদ পাওয়ার ১০-১৫ মিনিটের মধ্যে ঘটনাস্থলে পুলিশ উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে নিয়ে আসে। অফিসার ইনচার্জ, কাজিপুর থানা সভায় আরও জানান বর্তমার সরকারের শেষ সময় এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সন্ত্রাসী বাহিনীর সদস্যরা সাধারন মানুষের সাথে মিশে যাচ্ছে। মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখে হবে। আইনশৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখার জন্য তিনি সবার সহযোগিতা কামনা করেন। আঞ্চলিক মহা সড়কে দোকান-পাট বসে যান চলাচলে যেন বিঘ্ন ঘটাতে না পারে এবং জন দুর্ভোগের সৃষ্টি না হয় সে বিষয়ে নজর রাখার জন্য অফিসার ইনচার্জ, কাজিপুর থানাকে অনুরোধ করা হয়।

গৃহিত সিদ্ধান্ত :

সভায় বিস্তারিত আলোচনান্তে আইন-শৃংঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য জনপ্রতিনিধিগণ সর্বাত্মক সহযোগিতা করবেন। এলাকায় নতুন/অপরিচিতি মানুষজনের আনাগোনা দেখা গেলে সাথে সাথে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) আইনশংখলা রক্ষাকারী বাহিনীকে অবগত করবেন এবং তাঁদের স্ব-স্ব এলাকায় গ্রাম পুলিশদের তৎপরতা বৃদ্ধি করবেন । এছাড়াও আঞ্চলিক মহাসড়কে কোথাও যেন কোন প্রকার দোকানপাট বসতে না পারে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় এবং আঞ্চলিক মহসড়কে অবৈধ স্থাপনা অপসারনের জন্য নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ সিরাজগঞ্জকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে :

(১) উপজেলা নির্বাহী অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ (২) অফিসার ইন-চার্জ, কাজিপুর থানা, সিরাজগঞ্জ

আলোচ্যসূচি-০৩ : ডিসেম্বর, ২০১৮ মাসের কাজিপুর উপজেলার তুলনামূলক অপরাধ চিত্র :

অফিসার ইন-চার্জ, কাজিপুর থানা জানান যে, কাজিপুর উপজেলায় সন্ত্রাস, নাশকতা, জঙ্গীবাদ, বাল্য বিবাহ, মাদকদ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণে আছে। কাজিপুর উপজেলার আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

ডিসেম্বর, ২০১৮ মাসের অপরাধচিত্র :

উপজেলার নাম	সময়	ডাকাতি/ রাহাজানি	খুন	চুরি/ সিঁদেল চুরি	দাঙ্গা	অস্ত্র আইন	চোরা চালান	মাদক দ্রব্য	অপহরণ	নারী ও শিশু নির্যাতন	ধর্ষণ	অন্যান্য	মোট	মন্তব্য
কাজিপুর	ডিসেম্বর, ১৮	-	-	-	-	-	-	-	-	-	-	০৯	০৯	
	ডিসেম্বর, ১৭	-	-	-	-	-	-	০২	-	-	-	১৬	১৮	

কাজিপুর থানার অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায় গত ২০১৭ সালের একই সময়ের চেয়ে এ বৎসর ২০১৮ সালের একই সময়ে ০৯টি মামলা কম দায়ের হয়েছে।এতে দেখা যায় উক্ত মাসে আইন শৃংখলা ভাল রয়েছে। অপরাধ প্রবনতা নিয়ন্ত্রণে রাখার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, কাজিপুর থানাকে সদস্যগণ অনুরোধ করেন। অফিসার ইন-চার্জ, কাজিপুর থানা সভায় আরও জানান যে, সামনে জাতীয় সংসদ নির্বাচন, কাজিপুর উপজেলার আইন-শৃংঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য জনপ্রতিনিধিসহ সকলের সর্বাত্বক সহযোগিতা প্রয়োজন।

গৃহিত সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে কাজিপুর উপজেলার আইন-শৃংঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার সর্বাত্মক চেষ্টা অব্যাহত রাখতে অফিসার ইন-চার্জ, কাজিপুর থানাকে অনুরোধ জানানো হলো।

বাস্তবায়নে ঃ

অফিসার ইন-চার্জ, কাজিপুর থানা, সিরাজগঞ্জ।

আলোচ্যসূচি-০৪ ঃ কাজিপুর উপজেলার নিকাহ রেজিষ্টারদের কার্যক্রম ও বাল্য বিবাহ সম্পর্কে আলোচনা ঃ

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বাল্য বিবাহ হচ্ছে এই মর্মে তথ্য পাওয়ার সঙ্গে সঙ্গে উপজেলা প্রশাসন ও জনপ্রতিনিধিগণ বাল্য বিবাহ বন্ধ করার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করছে। বাল্য বিবাহ রোধে নিজনিজ অবস্থান থেকে জনসাধারণকে বাল্য বিবাহের কুফল সম্পর্কে অবহিত করার উদ্যোগ অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকল কে অনুরোধ করেন।

গৃহিত সিদ্ধান্ত :

বাল্য বিবাহ রোধে সংশ্লিষ্ট সকলেই অগ্রনী ভূমিকা পালন করবেন। সরকারি নির্দেশনা না মেনে যদি কেহ বাল্য বিবাহ অনুষ্ঠানে সহযোগিতা করে তবে তার বিরুদ্ধে প্রয়োজনে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাস্তবায়নে :

উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)/অফিসার ইন-চার্জ, কাজিপুর থানা/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কাজিপুর, সিরাজগঞ্জ।

আলোচ্য সূচি-০৫ : নিরাপদ সড়ক নিশ্চিতকরণ সংক্রান্ত :

সভাপতি জানান সড়কে প্রতিদিনই তাজা প্রাণ ঝড়ে পড়ছে যা সত্যিই দুঃখজনক এবং অপূরণীয় ক্ষতি। তাই নিরাপদ সড়ক নিশ্চিতকরণের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচার প্রচারণা অব্যাহত রাখতে হবে। রাস্তা ঘাটে যত্রতত্র যেন গাড়ী পার্ক করা না হয় সে বিষয়ে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে ভূমিকা রাখতে হবে।

সিদ্ধান্ত : প্রচার প্রচারণা অব্যাহত রাখতে হবে। প্রয়োজনে আইন প্রয়োগ করতে হবে।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, সহকারি কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ, কাজিপুর থানা, অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল শিক্ষা প্রতিষ্ঠান)।

আলোচ্য সূচি- ০৬ : কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা :

বিভিন্ন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অভিযোগ করেন ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকে কর্মরত ডাক্তার বা কর্মচারিগণ ঠিকমত অফিস করেন না। ফলে এলাকার দরিদ্র মানুষ স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছে। যার ফলে সরকারের মহত কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে। ইউনিয়ন কমিউনিটি ক্লিনিকে কর্মরত কর্মচারীদেও নিয়মিত অফিস করার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত : ইউনিয়ন পর্যায়ে অবস্থিত কমিউনিটি ক্লিনিকে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত অফিস করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাজিপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কাজিপুর, সিরাজগঞ্জ।

আলোচ্যসূচি-০৭ : বিবিধ আলোচনা :

সভাপতি মহান বিজয় দিবস ২০১৮ সুষ্ঠ ও শান্তিপূর্ণ পরিবেশে উদযাপনে সহযোগিতা করায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। এছাড়া একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আইন শৃংখলা নিয়ন্ত্রণসহ চরাঞ্চলের ভোট কেন্দ্রে যাতায়াতের জন্য ভোট গ্রহণ কর্মকর্তাদের বিভিন্ন ভাবে সহযোগিতা করায় সকল ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে ধন্যবাদ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাহিদ হাসান সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
কাজিপুর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।
kazipur.sirajganj.gov.bd

স্মারক নম্বর : স্মারক নং- ০৫.৪৩.৮৮৫০.০০০.২৪.০০১.১৮ - ১১২ (৪০) তারিখ : ৩১/০১/২০১৯ খ্রি..।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, ৬২ সিরাজগঞ্জ-১, কাজিপুর ।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিষ্ট্রেট, সিরাজগঞ্জ।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাজিপুর, সিরাজগঞ্জ।
০৫। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, কাজিপুর, সিরাজগঞ্জ।
০৬। অফিসার-ইন-চার্জ, কাজিপুর থানা, সিরাজগঞ্জ।
০৭। উপজেলা .... অফিসার, কাজিপুর, সিরাজগঞ্জ।
০৮। চেয়ারম্যান, ---------------------------ইউপি (সকল)
০৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ...কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদরাসা, কাজিপুর, সিরাজগঞ্জ।
১০। জনাব ...., কাজিপুর, সিরাজগঞ্জ।
১১। অফিস কপি।

(মোঃ জাহিদ হাসান সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ
ফোন : ০৭৫২৫-৫৬১১১
e-mail : unokazipur@mopa.gov.bd